পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।

পাসপোর্ট সাইজ ছবি

# সুইমিংপুল এর সদস্য ভর্তি ফরম (সাধারণ)

ক্রমিক নং- ..........                                                    তারিখ:.../.../......

১। সদস্যের নাম : ..............................................................

২। এনআইডি/জন্ম সনদ নং : ..............................................................

৩। জন্ম তারিখ ও বয়স : ..............................................................

৪। লিঙ্গ : পুরুষ ☐, নারী ☐, অন্যান্য ☐

৫। পিতার নাম : ..............................................................

৬। মাতার নাম : ..............................................................

৭। বর্তমান ঠিকানা : ..............................................................

৮। স্থায়ী ঠিকানা : ..............................................................

৯। যোগাযোগ : মোবাইল নং.................ই-মেইল ............................

১০। জরুরি যোগাযোগ : ..............................................................

১১। রক্তের গ্রুপ : ..............................................................

১২। হৃদরোগ আছে কি না? হ্যাঁ / না , ডায়াবেটিস আছে কি না? হ্যাঁ / না

১৩। উদ্দেশ্য: (ক) সাঁতার শেখা ☐
(খ) সাঁতার কাটা ☐
(গ) মেয়াদ: দৈনিক ☐ মাসিক ☐

১৪। ফি জমাদানের রশিদ নং : ..............................................................

**আবেদনকারীর স্বাক্ষর**

- শুধুমাত্র একাডেমির মেডিকেল অফিসার কর্তৃক সাঁতারের জন্য শারীরিকভাবে উপযুক্ত হিসেবে প্রত্যায়িত ব্যক্তিগণ সদস্য হতে পারবেন।
- ফি সমূহ নিম্নোক্তহারে, মহাপরিচালক এর অধীনে জনতা ব্যাংকের হিসাব নং০১০০০৮৭৯১৪০৩২ এ জমাদান করতে হবে।

| | |
|---|---|
| ১. নিবন্ধন ফি | : টাকা ১০০০/- |
| ২. মাসিক ফি | : টাকা ৫০০/- |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য ...

**<u>একাডেমির সুইমিং পুল ব্যবহারের অঙ্গীকারনামা:</u>**

এই মর্মে প্রত্যয়ন করছি যে, একাডেমির ওয়েবসাইটে (https://rda.gov.bd) উল্লিখিত সুইমিং পুল ব্যবহারের নীতিমালা, স্বাস্থ্যবিধি সংক্রান্ত সকল তথ্য আমি পড়েছি। আমি এই নিয়ম মেনে চলতে বাধ্য থাকবো।

**<u>আবেদনকারীর স্বাক্ষর</u>**

.................................................................................................................................................................

(অফিস কর্তৃক পূরণীয়)

| | |
|---|---|
| আইডি কার্ড নং ...................... | রেজিস্টার পৃষ্ঠা নং ................. |
| মেয়াদ ............................ | কার্ড প্রদানের তারিখ ............... |

একাডেমির মেডিকেল অফিসার এর প্রত্যয়ন: সাঁতারের জন্য শারীরিকভাবে উপযুক্ত [হ্যাঁ] / [না]

**স্বাক্ষর**

সভাপতি, সুইমিং পুল পরিচালনা কমিটি: **অনুমোদিত-** [হ্যাঁ] **/** [না]

**স্বাক্ষর**
সভাপতি, সুইমিং পুল পরিচালনা কমিটি
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

<u>(**বি:দ্র:** পূরণকৃত ফরমটি সভাপতি, সুইমিংপুল পরিচালনা কমিটির দপ্তরে অফিস চলাকালীন সময়ে জমা দিন।)</u>

পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।

পাসপোর্ট সাইজ ছবি

## সুইমিংপুল এর সদস্য ভর্তি ফরম (প্রশিক্ষণার্থী)

ক্রমিক নং- ..........

তারিখ:.../.../......

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রশিক্ষণার্থীর নাম | : | ............................................................ |
| ২। | কোর্সের নাম | : | ............................................................ |
| ৩। | রোল/আইডি নং | : | ............................................................ |
| ৪। | এনআইডি/জন্ম সনদ নং | : | ............................................................ |
| ৫। | জন্ম তারিখ ও বয়স | : | ............................................................ |
| ৬। | লিঙ্গ | : | পুরুষ ☐, নারী ☐, অন্যান্য ☐ |
| ৭। | পিতার নাম | : | ............................................................ |
| ৮। | মাতার নাম | : | ............................................................ |
| ৯। | বর্তমান ঠিকানা | : | হোষ্টেল নং................... রুম নং.............................. |
| ১০। | স্থায়ী ঠিকানা | : | ............................................................ |
| ১১। | যোগাযোগ | : | মোবাইল নং.................ই-মেইল .............................. |
| ১২। | জরুরি যোগাযোগ | : | ............................................................ |
| ১৩। | রক্তের গ্রুপ | : | ............................................................ |
| ১৪। | হৃদরোগ আছে কি না? | | হ্যাঁ / না , ডায়াবেটিস আছে কি না? হ্যাঁ / না |
| ১৫। | উদ্দেশ্য: | (ক) | সাঁতার শেখা ☐ |
| | | (খ) | সাঁতার কাটা ☐ |
| | | (গ) | মেয়াদ:- দৈনিক ☐ মাসিক ☐ বাৎসরিক ☐ |
| ১৬। | ফি জমাদানের রশিদ নং | : | ............................................................ |

**আবেদনকারীর স্বাক্ষর**

- শুধুমাত্র একাডেমির মেডিকেল অফিসার কর্তৃক সাঁতারের জন্য শারীরিকভাবে উপযুক্ত হিসেবে প্রত্যায়িত ব্যক্তিগণ সদস্য হতে পারবেন।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীর ফি ( প্রতিদিনের জন্য) ৫০.০০ টাকা হারে মহাপরিচালক এর অধীনে জনতা ব্যাংকের হিসাব নং০১০০০৮৭৯১৪০৩২ এ জমাদান করতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য ...

**<u>একাডেমির সুইমিং পুল ব্যবহারের অঙ্গীকারনামা:</u>**

এই মর্মে প্রত্যয়ন করছি যে, একাডেমির ওয়েবসাইটে (https://rda.gov.bd) উল্লিখিত সুইমিং পুল ব্যবহারের নীতিমালা, স্বাস্থ্যবিধি সংক্রান্ত সকল তথ্য আমি পড়েছি। আমি এই নিয়ম মেনে চলতে বাধ্য থাকবো।

**<u>আবেদনকারীর স্বাক্ষর</u>**

........................................................................................................................................................................................................

(অফিস কর্তৃক পূরণীয়)

| | |
|---|---|
| আইডি কার্ড নং/রোল নং ......................<br>রেজিস্টার পৃষ্ঠা নং .................<br>কার্ড প্রদানের তারিখ ............... | কোর্সের নাম ......................<br>মেয়াদ ................................ |

একাডেমির মেডিকেল অফিসার এর প্রত্যয়ন: সাঁতারের জন্য শারীরিকভাবে উপযুক্ত হ্যাঁ / না

**স্বাক্ষর**

সভাপতি, সুইমিং পুল পরিচালনা কমিটি এর অনুমোদন: **অনুমোদিত-** হ্যাঁ **/** না

**স্বাক্ষর**
সভাপতি, সুইমিং পুল পরিচালনা কমিটি
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

<u>(**বি:দ্র:** পূরণকৃত ফরমটি সভাপতি, সুইমিংপুল পরিচালনা কমিটির দপ্তরে অফিস চলাকালীন সময়ে জমা দিন।)</u>

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

**পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর আওতাধীন সুইমিং পুল পরিচালনা, ব্যবহার, নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি সংক্রান্ত নিয়মাবলিঃ**

সুইমিং পুল শিশুদের পাশাপাশি প্রাপ্তবয়স্কদের জন্য একটি বিনোদনের স্থান কিন্তু সঠিকভাবে পরিচালিত না হলে, এই সুইমিং পুলই রোগের সংক্রমণ, আঘাত ও নানাবিধ সমস্যার কারণ হয়ে উঠতে পারে। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার সুইমিং পুলকে আদর্শ এবং নিরাপদ করার লক্ষ্যে প্রণীত নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

**১. পরিচালনা ও নিবন্ধন:**



- সুইমিং পুল একটি কমিটির মাধ্যমে পরিচালিত হবে।
- একাডিমিতে কর্মরত স্থায়ী/অস্থায়ী কর্মচারীগণ ও তাদের পরিবারের সদস্যগণ এবং বুনিয়াদিসহ বিশেষায়িত প্রশিক্ষণের প্রশিক্ষনার্থীবৃন্দ বছরের যেকোন সময় কমিটির অনুমোদন সাপেক্ষে নিবন্ধন ফি পরিশোধের মাধ্যমে সুইমিং পুল ব্যবহারের জন্য নিবন্ধিত হতে পারবেন। প্রত্যেক সদস্যকে নিবন্ধন ফি এর পাশাপাশি মাসিক ফি পরিশোধ করতে হবে। নিবন্ধন ফি ও মাসিক ফি কমিটি কর্তৃক নির্ধারিত হবে।
- শুধুমাত্র নিবন্ধিত ও নিয়মিত মাসিক ফি পরিশোধকারী সদস্যগণই সুইমিং পুল ব্যবহার করতে পারবেন।
- ১২ বছরের কম বয়সী শিশুদেরকে ১৫ বছর বা তার বেশি বয়সী একজন অভিভাবক সঙ্গী এবং তত্ত্বাবধায়ক ছাড়া পুল এলাকায় প্রবেশের অনুমতি দেওয়া হবে না।
- সুইমিং পুল ব্যবহারের নিয়মাবলি কেউ মানতে অস্বীকার করলে তার সদস্যপদ বাতিল, প্রযোজ্য ক্ষেত্রে জরিমানাসহ অন্যান্য পদক্ষেপ সুইমিং পুল কমিটি গ্রহন করতে পারবেন।

**২. সুইমিং পুলের যত্ন, অপারেশন এবং রক্ষণাবেক্ষণ নির্দেশিকা:**

- সুইমিং পুল পরিচালনার জন্য পেশাদার, পুল রক্ষণাবেক্ষণে প্রশিক্ষিত পুল ম্যানেজার; লাইফগার্ড; সাঁতারের প্রশিক্ষক এবং অপারেশন স্টাফ নিয়োগ করতে হবে।
- গোসলের সময়-সীমা ও সূচী কঠোরভাবে মেনে চলতে হবে।
- সুইমিং পুল অপারেশনের সময়সীমা সুইমিং পুল পরিচালনা কমিটি কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী নিয়ন্ত্রণ করতে হবে। সুইমিং পুল ব্যবহারকারীগণের আগমন, প্রস্থান এবং সুইমিং পুলে অবস্থান ইত্যাদি সংক্রান্ত তথ্যাবলী লিপিবদ্ধ করার জন্য একটি লগবহি (ডিজিটাল/ফিজিক্যাল)

সুইমিং পুলে সার্বক্ষণিক ভাবে সংরক্ষণ করতে হবে যাতে কোনও ক্ষতি বা দুর্ঘটনার রেকর্ড রাখা যায়।

- দুর্ঘটনাবশত মল, শারীরিক তরল বা বমি নির্গত হলে সাথে সাথে তা পরিস্কার ও পুল জীবাণুমুক্ত করার জন্য তাৎক্ষণিকভাবে পুল বন্ধ করে পানি নিষ্কাশনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।
- সুইমিং পুলের ভিতরে এবং বাইরে কোনো ফাটল বা সমস্যা দেখা দিলে তাৎক্ষনিকভাবে তা মেরামত করতে হবে।
- নিরাপত্তা সংশ্লিষ্ট সরঞ্জমাদিসহ সকল প্রকার যন্ত্রপাতি প্রতিনিয়ত পর্যবেক্ষণ ও মেরামত করতে হবে।
- সুইমিং পুলের উপরিভাগ অবশ্যই প্রতিদিন ঘষে পরিস্কার করতে হবে, যাতে স্লাইম, লিন্ট বা ময়লা জমতে না পারে।
- ডেকগুলি অবশ্যই প্রতিদিন ধুয়ে ফেলতে হবে। ইনডোর এবং আউটডোর ডেকগুলি সাপ্তাহিকভাবে জীবাণুমুক্ত করতে হবে।
- সুইমিং পুলের পানি প্রতি তিন দিন পর পর শোধন ও সাপ্তাহে একবার নিষ্কাশন ও প্রতিস্থাপন করতে হবে (বা যদি কম ব্যবহার করা হয় তবে মাসিক ভিত্তিতে)।
- পুলের দেয়াল ব্রাশ করা এবং প্রতি সপ্তাহে পুলের মেঝে পরিষ্কার করার জন্য পুল ভ্যাকুয়াম থাকতে হবে।
- বছরে দুবার, বিশেষ করে বর্ষার পরে সম্পূর্ণ পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ করতে হবে।

**৩. নিরাপত্তা এবং উদ্ধার সরঞ্জামঃ**

সুইমিং পুল বিনোদন ও আনন্দের মাধ্যম হলেও এটি ব্যবহারের ক্ষেত্রে অত্যন্ত সচেতন হওয়া প্রয়োজন । ক্ষণিকের অসতর্কতার কারণে মৃত্যুসহ বিরাট ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে তাই সুইমিং পুলের সার্বক্ষণিক নিরাপত্তা রক্ষা করা এবং নিরাপত্তা ও উদ্ধার কাজে ব্যবহৃত সরঞ্জামাদির সরবরাহ ও সংরক্ষণ সার্বক্ষণিকভাবে নিশ্চিত করা প্রয়োজন। এছাড়াও নিম্নলিখিত বিষয়াদি বিশেষ গুরুত্বের সাথে মেনে চলতে হবে:

- একটি রিং বয়া (জীবন রক্ষাকারী ফ্লোটিং ডিভাইস) এর সাথে পুলের প্রস্থের সমান একটি দড়ি সংযুক্ত থাকতে হবে।
- একটি সম্পূর্ণ সজ্জিত প্রাথমিক চিকিৎসা কিট এবং উদ্ধার সরঞ্জাম যেমন: কমলা লাইফ জ্যাকেট, রেসকিউ টিউব, শ্বাসযন্ত্র ইত্যাদি সর্বদা দৃষ্টিগোচর হয় এমন একটি স্থানে রাখতে হবে।
- জরুরি যোগাযোগের তালিকা থাকতে হবে।
- জীবন রক্ষাকারী নির্দেশাবলির জন্য চার্ট থাকতে হবে।
- অগভীর এবং গভীর প্রান্তে পুলের গভীরতা (মিটার/ফুট) নির্দেশকারী চিহ্ন থাকতে হবে। ট্রানজিশন পয়েন্ট এবং 'নো ডাইভিং' চিহ্ন (সম্ভব হলে ফ্লুরোসেন্ট কালার দিয়ে) থাকতে হবে।

**৪. সুইমিং পুল ব্যবহার, শিষ্টাচার এবং নিরাপত্তা সংক্রান্ত নিয়মাবলি:**

- সুইমিং পুল সার্বক্ষণিক পাহারা দেওয়ার জন্য গেট অ্যাটেনডেন্ট থাকতে হবে।

- পুলটি আনুষ্ঠানিকভাবে খোলা না থাকলে বা একজন পুল অপারেটর এবং লাইফগার্ড দায়িত্বে না থাকলে কেউ পুল ব্যবহার করতে পারবেন না।
- সুইমিং পুলের লাইফগার্ডের সাথে কথোপকথনে নিয়োজিত হবেন না কারণ এটি তার মনোযোগ সরিয়ে নিতে পারে।
- গেটের সামনে সুইমিং পুল ব্যবহার নীতিমালা ঝুলানো থাকতে হবে ।
- সুইমিং পুলে সাঁতার কাটার আগে এবং পরে গোসল করতে হবে, পুলে প্রবেশের আগে ক্রিম বা লোশন ব্যবহার করা যাবেনা।
- সাঁতারের নির্দিষ্ট পোশাক পরতে হবে, নিয়মিত পোশাক নয়।
- বাচ্চারা যেন  সুইমিং পুলের আশেপাশে দৌড়-ঝাঁপ না করে সেদিকে খেয়াল রাখতে হবে।
- প্রাপ্তবয়স্কদের পুলের মধ্যে বা আশেপাশে দৌড়-ঝাঁপ করা, অনুপযুক্ত ভাষা, এবং অন্যান্য অনিরাপদ আচরণ করা যাবে না।
- চুল লম্বা থাকলে একটি সুইমিং ক্যাপ পড়তে হবে।
- সুরক্ষা দড়ি নিয়ে খেলা, সরানো বা অন্য কাজে ব্যবহার করা যাবে না।
- থুথু ফেলা, নাক-মুখ থেকে পানি বের করা, প্রস্রাব, মলত্যাগ ও বমি করা নিয়মের পরিপন্থী।
- যদি অনুমোদিত সাঁতারের প্যান্ট নোংরা হয়ে যায়, তবে ঐ ব্যক্তিকে অবিলম্বে পুল ছেড়ে চলে যেতে হবে।
- সাঁতারের প্রশিক্ষক বা অপারেশন স্টাফ অবশ্যিকভাবে পুলে নামার আগে ব্যবহারকারীর শরীরের তাপমাত্রা ও সাঁতারের জন্য ন্যূনতম শারীরিক সক্ষমতার পরীক্ষা করবেন। খোলা কাটা, ক্ষত, ব্যান্ডেজ, আঘাত, সর্দি, কাশি, জ্বর, চর্মরোগ, যৌনরোগ এবং পেট খারাপের লোকদের অবশ্যই সাঁতার কাটতে দেওয়া যাবে না।
- পুলের অভ্যন্তর, চত্বর এবং বহিঃপ্রাঙ্গণে খাদ্যের মোড়ক, সিগারেট বা অন্যান্য আবর্জনা ফেলা যাবে না।
- নিরাপত্তা সরঞ্জাম এবং পুল উপকরণ নষ্ট করা বা সরানো যাবে না।
- বাচ্চাদের অবশ্যই সাঁতার-প্রুফ ডায়াপার পরতে হবে।
- পুলের ভিতরে পশু এবং পোষা প্রাণীর প্রবেশের অনুমতি দেওয়া যাবে না।
- পুলের ভিতরে কাচের বোতল রাখা যাবে না। মদ্যপ অবস্থায় কেউ পুলে প্রবেশ করতে পারবে না।
- প্রাকৃতিক দুর্যোগ, স্বাস্থ্যগত বা অন্যান্য নিরাপত্তা ঝুঁকির কারণে ম্যানেজার সাময়িকভাবে পুল বন্ধ করে দেবেন।
- ভারী বৃষ্টিতে- লাইফগার্ডরা যদি পুলের তলদেশ দেখতে না পারেন,  সেক্ষেত্রে যতক্ষণ না লাইফগার্ডরা পুলের তলদেশ পরিষ্কার দেখতে পান ততক্ষণ পুল বন্ধ থাকবে।  বজ্রপাতের সাম্প্রতিক শব্দের পরে ৪৫ মিনিট পর পর্যন্ত পুল বন্ধ থাকবে।




চিত্র: সুইমিং পুল ব্যবহারের নিয়মাবলি

**৫. সুইমিং পুল ব্যবহারের সময়সূচি:**

| ব্যবহারকারী | বয়স | বার | সময় |
|---|---|---|---|
| **সোমবার হতে বৃহস্পতিবার** | | | |
| শিশু (ছেলে ও মেয়ে) | ১-১০ বছর | প্রতিদিন | দুপুর ১২ টা থেকে দুপুর ১ টা |
| শিশু (মেয়ে) | ১০-১৮ বছর | প্রতিদিন, সোমবার ব্যতীত (প্রশিক্ষণার্থী থাকা সাপেক্ষে) | সন্ধ্যা ৬টা থেকে রাত ৮ টা |
| প্রাপ্তবয়স্ক (নারী) | (১৮ ও তদুর্ধ) | প্রতিদিন, সোমবার ব্যতীত (প্রশিক্ষণার্থী থাকা সাপেক্ষে) | সন্ধ্যা ৬টা থেকে রাত ৮ টা পর্যন্ত |
| শিশু (ছেলে) | ১০-১৮ বছর | প্রতিদিন, সোমবার ব্যতীত (প্রশিক্ষণার্থী থাকা সাপেক্ষে) | বিকাল ৪ টা থেকে বিকাল ৫:৩০ মি. |
| প্রাপ্তবয়স্ক (পুরুষ) | (১৮ ও তদুর্ধ) | প্রতিদিন, সোমবার ব্যতীত (প্রশিক্ষণার্থী থাকা সাপেক্ষে) | বিকাল ৪ টা থেকে বিকাল ৫:৩০ মি. |
| প্রশিক্ষনার্থী (পুরুষ) ব্যাচ ১ | - | সোমবার | সকাল ৬ টা থেকে সকাল ৭ টা |
| প্রশিক্ষনার্থী (পুরুষ) ব্যাচ ২ | - | সোমবার | বিকাল ৪ টা থেকে বিকাল ৫:৩০ মি. |
| প্রশিক্ষনার্থী (নারী) | - | সোমবার | সন্ধ্যা ৬টা থেকে রাত ৮ টা |
| **শুক্রবার ও শনিবার** | | | |
| শিশু (ছেলে ও মেয়ে) | ১-১০ বছর | প্রতিদিন | সকাল ১১ টা থেকে দুপুর ১২ টা |
| শিশু (মেয়ে) | ১০-১৮ বছর | প্রতিদিন | বিকাল ৫টা থেকে সন্ধ্যা ৭ টা |
| প্রাপ্তবয়স্ক (নারী) | (১৮ ও তদুর্ধ) | প্রতিদিন | বিকাল ৫টা থেকে সন্ধ্যা ৭ টা |
| শিশু (ছেলে) | ১০-১৮ বছর | প্রতিদিন | দুপুর ১২ টা থেকে বিকাল ৪ টা |
| প্রাপ্তবয়স্ক (পুরুষ) | (১৮ ও তদুর্ধ) | প্রতিদিন | দুপুর ১২ টা থেকে বিকাল ৪ টা |
| *রবিবার পরিস্কার পরিচ্ছন্নতা ও মেরামতের জন্য সুইমিং পুল বন্ধ থাকবে | | | |

**৬. পানির গুণগতমান নিয়ন্ত্রণঃ**

মানুষ, প্রাণীর ধ্বংসাবশেষ এবং জীবাণুই মূলত সুইমিং পুলের পানির দূষণের প্রধান উৎস। দূষিত পানি পান করা ও স্পর্শের মাধ্যম শিশুসহ অন্যান্য ব্যবহাকারীগণ বিপদের ঝুঁকিতে পতিত হন তাই সুইমিং পুলের পানি দূষণমুক্ত রাখা অত্যন্ত জরুরী।

**৬.১ পানি দূষণমুক্ত রাখা ও পানির মান নিয়ন্ত্রনের অত্যাবশ্যক সূচকসমূহঃ**

- পানির pH ৭.২ এবং ৮ এর মধ্যে (৮ এর বেশি হলে সাঁতারুদের ত্বকে ফুসকুড়ি দেখা যায়, যদি ৭-এর কম হয় তবে এটি চোখের জ্বালাপোড়ার কারণ হতে পারে।
- ক্যালসিয়াম ক্ষারত্ব - কংক্রিট পুলের জন্য ২০০- ২৫০ পিপিএম রাখা
- ক্ষারত্ব : ১২০-১৫০ পিপিএম রাখা
- পানির স্বচ্ছতা - গভীরতম প্রান্তে মেঝে হতে ৮ ইঞ্চি পর্যন্ত দৃশ্যমান হওয়া উচিত
- কলিফর্ম ব্যাকটেরিয়া - ১০০ মিলিলিটারে ১০ এর কম
- ফেকাল কলিফর্ম ব্যাকটেরিয়া – ০ (শূন্য)

**৬.২ পানি জীবাণুমুক্তকরণ:**

তিন প্রকারের জীবাণুনাশক ব্যবহার করে পানি জীবাণুমুক্ত করা যায়-

- ক্লোরিন-ভিত্তিক (রেসিডুয়্যাল লেভেল ১.০-৪.০ পিপিএম);
- ব্রোমিন-ভিত্তিক (রেসিডুয়্যাল লেভেল ২.০-৮.০ পিপিএম) এবং
- ওজোন (ঘনত্ব ০.১ পিপিএম-এর কম)
- ইউভি বিকিরণ কৌশল এবং অ্যালজিসাইডও ব্যবহার।

উপরে উল্লিখিত pH এবং ক্লোরিনের পরিমান প্রতিদিন দুবার পরীক্ষা করা উচিত (বা ক্রমাগত ব্যবহৃত পুলগুলির জন্য প্রতি ঘন্টায়। টেস্ট কিট সব সময় পর্যাপ্ত রাখতে হবে।

## সুইমিং পুল ব্যবহারের সময়সূচি:

| ব্যবহারকারী | বয়স | বার | সময় |
|---|---|---|---|
| **সোমবার হতে বৃহস্পতিবার** | | | |
| শিশু (ছেলে ও মেয়ে) | ১-১০ বছর | প্রতিদিন | দুপুর ১২ টা থেকে দুপুর ১ টা |
| শিশু (মেয়ে) | ১০-১৮ বছর | প্রতিদিন, সোমবার ব্যতীত (প্রশিক্ষণার্থী থাকা সাপেক্ষে) | সন্ধ্যা ৬টা থেকে রাত ৮ টা |
| প্রাপ্তবয়স্ক (নারী) | (১৮ ও তদুর্ধ) | প্রতিদিন, সোমবার ব্যতীত (প্রশিক্ষণার্থী থাকা সাপেক্ষে) | সন্ধ্যা ৬টা থেকে রাত ৮ টা পর্যন্ত |
| শিশু (ছেলে) | ১০-১৮ বছর | প্রতিদিন, সোমবার ব্যতীত (প্রশিক্ষণার্থী থাকা সাপেক্ষে) | বিকাল ৪ টা থেকে বিকাল ৫:৩০ মি. |
| প্রাপ্তবয়স্ক (পুরুষ) | (১৮ ও তদুর্ধ) | প্রতিদিন, সোমবার ব্যতীত (প্রশিক্ষণার্থী থাকা সাপেক্ষে) | বিকাল ৪ টা থেকে বিকাল ৫:৩০ মি. |
| প্রশিক্ষনার্থী (পুরুষ) ব্যাচ ১ | - | সোমবার | সকাল ৬ টা থেকে সকাল ৭ টা |
| প্রশিক্ষনার্থী (পুরুষ) ব্যাচ ২ | - | সোমবার | বিকাল ৪ টা থেকে বিকাল ৫:৩০ মি. |
| প্রশিক্ষনার্থী (নারী) | - | সোমবার | সন্ধ্যা ৬টা থেকে রাত ৮ টা |
| **শুক্রবার ও শনিবার** | | | |
| শিশু (ছেলে ও মেয়ে) | ১-১০ বছর | প্রতিদিন | সকাল ১১ টা থেকে দুপুর ১২ টা |
| শিশু (মেয়ে) | ১০-১৮ বছর | প্রতিদিন | বিকাল ৫টা থেকে সন্ধ্যা ৭ টা |
| প্রাপ্তবয়স্ক (নারী) | (১৮ ও তদুর্ধ) | প্রতিদিন | বিকাল ৫টা থেকে সন্ধ্যা ৭ টা |
| শিশু (ছেলে) | ১০-১৮ বছর | প্রতিদিন | দুপুর ১২ টা থেকে বিকাল ৪ টা |
| প্রাপ্তবয়স্ক (পুরুষ) | (১৮ ও তদুর্ধ) | প্রতিদিন | দুপুর ১২ টা থেকে বিকাল ৪ টা |
| *রবিবার পরিস্কার পরিচ্ছন্নতা ও মেরামতের জন্য সুইমিং পুল বন্ধ থাকবে | | | |